

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নিবন্ধন পরিদপ্তর।

পরিপত্র

গভীর উদ্বেগের সহিত লক্ষ্য করা যাইতেছে যে, অত্র বিভাগের কিছু সংখ্যক কর্মকর্তা ও কর্মচারী তাহাদের সুবিধামত স্থানে বদলী, বদলী স্থগিত করণ, বদলীর স্থান পরিবর্তন এবং ব্যক্তিগত সুযোগ সুবিধা আদায়ের জন্য মাননীয় মন্ত্রী, বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দ ও পদস্থ কর্মকর্তাদের নিকট অবাঞ্ছিত তদবিরের আশ্রয় নিয়া প্রশাসনের সিদ্ধান্তকে প্রভাবান্বিত করিতে চেষ্টা চালইতেছে এবং প্রশাসনকে এক বিব্রতকর অবস্থায় নিপতিত করিতেছে। এই ধরনের তদবির ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালার আওতায় অসদাচরণ বলিয়া গণ্য এবং ইহা শাস্তিযোগ্য অপরাধ।

১৯৭৯ সালের সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালার ৩০ নং বিধি, সংস্থাপন বিভাগের ১৬-৬-৭২ তারিখের আর-৩/১-এম-২৪/৭২-৮১, ৩১-৫-৭৯ ইং তারিখের ইডি (বিধি-৬-এম-৫৯/৭৯-৪৫(৫০০) ২৬-১২-৭৯ইং তারিখের ইডি (বিধি-৬) এম-৫৯/১৪৯(৫০০), ১৩-১-৮৭ তারিখের নং সম/উনি ১-৫৭/৮৬-১৮(১০০), ঢাকা স্মারকসমূহ এবং পরিদপ্তরের ৬-৯-৭৭ইং তারিখের ৭৭ নং সার্কুলার, ৩-২-৭৯ ইং তারিখের আর-৩টি-২/৭০/১২৯১৪ (১৮) এবং ২১/৫/৯১ তারিখের স্মারক নং ১-এম-১৬/৯০-৬৫৬৩(৪৯) এবং ৭/৭/৯৬ইং তারিখের ১জি-২৫/৭৫-৯০-৭৫৫৬(৭০) নং স্মারকের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করিয়া এই মর্মে অত্র বিভাগের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কঠোরভাবে সতর্ক করিয়া দেওয়া যাইতেছে যে, অতঃপর কেহ বদলী বা অন্যান্য ব্যক্তিগত সুযোগ-সুবিধা লাভের উদ্দেশ্যে মাননীয় মন্ত্রী, বিশিষ্ট রাজনৈতিক নেতৃবৃন্দ বা পদস্থ কর্মকর্তাদের নিকট প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তদ্বির করিলে উহ্য গুরুতর অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং আচরণ বিধির আওতায় আসিবে।

এই ধরনের আচরণ সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিরূপ মন্তব্য হিসাবে অন্তর্ভুক্ত করা ছাড়াও গুরুতর অসদাচরণ বিবেচনা করিয়া তাহাদের বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর আওতায় বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইবে।

উল্লেখ্য যদি কাহারো কোন ন্যায় সঙ্গত ও বাস্তব অসুবিধা থাকে তবে উহা যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পরিদপ্তরে প্রেরণ করিলে তাহা যথাযথ বিবেচনার জন্য গৃহীত হইতে পারে।

স্বা:

(মোঃ হাবিবুর রহমান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং-২৭৯৯ (৭০)

তারিখঃ ১৬/০৩/৯৮ ইং
০২/১২/০৪ বাং

অনুলিপিঃ

১। সদয় অবগতির জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সদয় অনুমোদনের জন্য।

২। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সদয় অনুমোদনের জন্য।

৩। জেলা রেজিস্ট্রার,.....। তাহার অধীনস্থ সকল কর্মকর্তা/কর্মচারীকে পরিপত্রের নির্দেশাবলী যথাযথভাবে পালন করিতে এবং তাহার অধীনস্থ কর্মকর্তাদের প্রাপ্তি স্বীকার সংগ্রহপূর্বক তাহাদের নামের তালিকা প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হইল।

স্বা:

১৬/০৩/৯৮

(মোঃ হাবিবুর রহমান)
মহা-পরিদর্শক, নিবন্ধন
বাংলাদেশ, ঢাকা।